## নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রীনিবাস-এ সিট বরাদ্দের নীতিমালা -২০২৪

নারী শিক্ষার অগ্রগতি, জীবনমান উন্নয়ন ও নারীর উচ্চ শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে ১৯৯৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রীনিবাস প্রতিষ্ঠিত হয়।

### এম.ফিল / পিএইচ.ডি গবেষকদের সিট বরাদ্দের নীতিমালা

১। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে সংযুক্ত নারী গবেষকরা নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রীনিবাস-এ সিটের জন্য আবেদন করতে পারবে। তবে যাদের ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, টংগী-নরসিংদী ও সাভারে বাড়ী আছে অর্থাৎ যে সকল রুটে পরিবহন সুবিধা আছে তারা হলে সিটের জন্য আবেদন করতে পারবে না। এম.ফিল / পিএইচ.ডি গবেষকগণ সরকারি চাকুরীরত হলে সিটের জন্য আবেদন করতে পারবেন না।

২। আবাসিক হওয়ার জন্য বছরের যেকোন সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে তাদের স্ব-স্ব ড্যাশবোর্ডে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করবে। পূরণকৃত ফরমের পিডিএফ কপি প্রিন্ট করে তা আবেদনকারী গবেষককে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান / ইনস্টিটিউটের পরিচালক ও তাদের গবেষণা তত্ত্বাবধায়কের সুপারিশসহ হোস্টেলে জমা দিতে হবে। ড্যাশবোর্ডে আবেদনের সময় শিক্ষার্থীকে নিম্নলিখিত কাগজপত্রের কপি আপলোড করতে হবে :

ক। পিতা, মাতা অথবা আইনানুগ অভিভাবকের আর্থিক অবস্থার প্রত্যয়নপত্র :

i) পিতা, মাতা অথবা আইনানুগ অভিভাবক চাকুরীজীবী হলে তার নিয়োগকর্তার নিকট থেকে সর্বশেষে অর্থ বছরের বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র এবং ট্যাক্স রিটার্ন জমার রশিদ।

ii) পিতা, মাতা অথবা আইনানুগ অভিভাবক ব্যবসায়ী হলে তার সর্বশেষ অর্থ বছরের ট্যাক্স রিটার্ন জমার রসিদ ও প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র।

iii) অন্যান্যদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভা / সিটি কর্পোরেশনের কমিশনারের নিকট থেকে বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র।

খ। এম.ফিল / পিএইচ.ডি ভর্তির পে-স্লিপ

গ। বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষার নম্বরপত্র ও সার্টিফিকেট

ঘ। জাতীয় পরিচয়পত্রের উভয় পাশের রঙিন কপি।

৩। মেধারভিত্তিতে অনুষদ / ইনস্টিটিউট ভিত্তিক সিট বরাদ্দ দেওয়া হবে। সিট বরাদ্দের ক্ষেত্রে এম.ফিল থেকে ৪০% এবং পিএইচ.ডি থেকে ৬০% গবেষককে বিবেচনায় নেওয়া হবে।

৪। একজন এম.ফিল গবেষক দুই বছরের জন্য এবং একজন পিএইচ.ডি গবেষক ৪ বছরের জন্য হোস্টেলে থাকতে পারবে। এর বেশি সময় কোনো ভাবেই অবস্থান করতে পারবে না। যে সকল গবেষক প্রথম দুই বছরে এম.ফিল কোর্স ওয়ার্কসহ থিসিস সম্পন্ন করতে পারে নি এবং একই ভাবে যেসকল পিএইচ.ডি গবেষক চার বছরের মধ্যে গবেষণা সম্পন্ন করে অভিসন্দর্ভ জমা দিতে পারেনি তারা দ্বিতীয় (২য়) বার কোর্স সমূহে ভর্তি হলেও হোস্টেলে সিটের জন্য আবেদন করতে পারবে না।

৫। কোন গবেষক বিশ্ববিদ্যালয়ের শৃংখলা পরিপন্থি কোন কাজে সম্পৃক্ত হলে, মাদকাসক্ত থাকলে বা বিশ্ববিদ্যালয়ের সুনাম নষ্ট করে এমন কোন কাজে যুক্ত থাকলে প্রমাণাদি সাপেক্ষে তাৎক্ষনিকভাবে তার সিট বাতিল বলে গণ্য হবে।

৬। গবেষণা চলাকালীন সময়ে সিট বরাদ্দপ্রাপ্ত কোন গবেষক হোস্টেল কর্তৃপক্ষের পূর্বানুমতি কিংবা গ্রহণযোগ্য কারণ ব্যতিত একটানা ১০ দিনের বেশি অনুপস্থিত থাকলে তার সিট বাতিল বলে গণ্য হবে। এমতাবস্থায় সিট পুন:বরাদ্দের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা জরিমানা প্রদান পূর্বক ওয়ার্ডেন বরাবর আবেদন করা যাবে। জরিমানা প্রদান সাপেক্ষে একবার সিট পুন:বরাদ্দের জন্য আবেদন করা যাবে।

৭। হোস্টেল কর্তৃপক্ষ সিট বরাদ্দের পূর্বে আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণ করবেন। সাক্ষাৎকার গ্রহণপূর্বক নির্ধারিত হারের ভিত্তিতে সিট বরাদ্দ প্রদান করবেন। বরাদ্দ প্রাপ্ত গবেষক বৈধ অনুমতি ব্যতিরেকে কোনভাবে কক্ষ কিংবা সিট পরিবর্তন করতে পারবে না।

৮। প্রয়োজন সাপেক্ষ হোস্টেলে একজন এম.ফিল গবেষকের সঙ্গে মেধাক্রম তালিকা থেকে একজন দ্বৈতাবাস দেওয়া যেতে পারে। এম.ফিল / পিএইচ.ডি এর মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন হবার ১৫ দিনের মধ্যে হোস্টেলের সিট কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিয়ে গবেষককে হল ত্যাগ করতে হবে।

৯। সিট বরাদ্দ প্রাপ্ত গবেষককে নিয়মিতভাবে ছয় মাস / একবছর পর তার গবেষণার অগ্রগতির রিপোর্ট গবেষণা তত্ত্বাবধায়ক ও বিভাগীয় চেয়ারম্যানের সুপারিশসহ ওয়ার্ডেন বরাবর প্রদান করতে হবে। গবেষক এম.ফিলের কোর্সওয়ার্ক পরীক্ষায় বা পিএইচ.ডি এর গবেষণায় অনিয়মিত, অকৃতকার্য হলে বা পরীক্ষায় অংশগ্রহণ না করলে তাৎক্ষণিকভাবে তার সিট বাতিল বলে গণ্য হবে।

১০। সিট বরাদ্দের ক্ষেত্রে হোস্টেল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যাপক ড. শাহ্ মো. মাসুম (সদস্য)
প্রাধ্যক্ষ, ফজলুল হক মুসলিম হল
ঢাকা বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. মোহাম্মদ বিললাল হোসেন (সদস্য)
প্রাধ্যক্ষ, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল
ঢাকা বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম (সদস্য)
প্রাধ্যক্ষ, স্যার এ এফ রহমান হল
ঢাকা বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. শারমিন মূসা (সদস্য)
ওয়ার্ডেন, নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রীনিবাস
ঢাকা বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. আবদুল বাছির (আহ্বায়ক)
প্রাধ্যক্ষ, বিজয় একাত্তর হল
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ১০৬২৬ - তিন

তারিখ: ১৬/৪ /১৪৩১ বঙ্গাব্দ
৩১/৭ /২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট প্রতিলিপি প্রেরণ করা হলো :-